অবিলম্বে প্রকাশের উদ্দেশ্যে: 8/22/2024 **গভর্নর ক্যাথি হোকল**

গভর্নর হোকল কর্নিথে নতুন 60 ইউনিটের সাশ্রয়ী এবং সমর্থন হাউজিং ডেভেলপমেন্টের ঘোষণা করলেন

24 মিলিয়ন মার্কিন ডলারের নিঃসরণমুক্ত ডেভেলপমেন্টটিতে জিওথার্মাল হিটিং রয়েছে এবং এটি সৌর বিদ্যুৎ ব্যবহার করে

রিভারভিউ অ্যাপার্টমেন্টসে সমর্থন সেবাসহ 30টি অ্যাপার্টমেন্ট রয়েছে

গভর্নর ক্যাথি হোকল আজকে রিভারভিউ অ্যাপার্টমেন্টসের (Riverview Apartments) কাজ শেষ হওয়ার ঘোষণা করেছেন, এটি সারাটোগা কাউন্টির কর্নিথ টাউনে একটি নতুন 60 ইউনিটের সাশ্রয়ী অ্যাপার্টমেন্ট ভবন। 24 মিলিয়ন মার্কিন ডলারের নিঃসরণমুক্ত ডেভেলপমেন্টটিতে যোগ্য গৃহস্থালির জন্য অনসাইট সমর্থক সেবাসহ 30টি সমর্থক ইউনিট রয়েছে। গত পাঁচ বছরে, নিউ ইয়র্ক স্টেটের হোম এবং কমিউনিটি রিনিউয়াল (Homes and Community Renewal, HCR) সারাটোগা কাউন্টিতে 900টির বেশি সাশ্রয়ী বাসা তৈরি বা সংরক্ষণ করেছে। রিভারভিউ অ্যাপার্টমেন্টস এই প্রয়াসকে অব্যাহত রেখেছে এবং এটি গভর্নর হোকলের 25 বিলিয়ন মার্কিন ডলারের পাঁচ বছর মেয়াদি আবাসন পরিকল্পনার সম্পূরক, যা স্টেটব্যাপী 100,000টি সাশ্রয়ী বাসা তৈরি বা সংরক্ষণ করার জন্য সঠিক দিকে অগ্রসর হচ্ছে।

"স্টেটের প্রতিটি কোণায় নতুন আবাসনের সুযোগ তৈরি করার জন্য নিউ ইয়র্ক প্রতিশ্রুতিবদ্ধ রয়েছে এবং কর্নিথের মতো স্থান যে আমাদের প্রো হাউজিং কমিউনিটিজ কর্মসূচিতে যোগদান করেছে তা আমাদের সৌভাগ্য," **গভর্নর হোকল বলেন।** "রিভারভিউ অ্যাপার্টমেন্টস সারাটোগা কাউন্টিতে অতি প্রয়োজনীয় সাশ্রয়ী আবাসন নিয়ে আসে এবং এছাড়াও এটি বাসিন্দাদের মুখ্য সমর্থন সেবা প্রদান করে, এবং একই সময়ে ভবনের নিঃসরণ হ্রাস করে আরো স্বাস্থ্যকর এলাকা এবং আরো পরিচ্ছন্ন, আরো সবুজ স্টেট অর্জন করে।"

রিভারভিউ অ্যাপার্টমেন্টস একটি নিঃসরণমুক্ত হাউজিং ডেভেলপমেন্ট যেখানে জীবাশ্ম জ্বালানির প্রয়োজন হয় না। একটি জিওথার্মাল ব্যবস্থা ব্যবহার করে ভবনটিকে উষ্ণ ও শীতল করা হয় এবং একটি সম্প্রদায়ের সৌর ফ্যাসিলিটি থেকে বিদ্যুৎ ক্রয় করা হয়। এছাড়াও প্রকল্পটিতে এনার্জি স্টার® (ENERGY STAR®) অ্যাপ্লায়েন্স এবং বাতির ফিক্সচার রয়েছে, এখানে পানি সংরক্ষণকারী ফিক্সচার রয়েছে এবং সামান্য উদ্বায়ী জৈব যৌগসহ (Volatile Organic Compounds) বা উদ্বায়ী জৈব যৌগমুক্ত রং ও সাইলেন্ট ব্যবহার করে। নিউ ইয়র্ক স্টেট

শক্তি গবেষণা ও বিকাশ কর্তৃপক্ষের (New York State Energy Research and Development Authority, NYSERDA) নতুন নির্মাণ আবাসন টিয়ার IV (New Construction – Housing Tier IV) কর্মসূচি এবং LEED ফর হোমস V4 (LEED for Homes V4) কর্মসূচির প্রবিধান অনুযায়ী ভবনটির নকশা করা হয়েছে।

রিভারভিউ অ্যাপার্টমেন্টসের প্রত্যেক ইউনিট এলাকার মধ্যম আয়ের 60 শতাংশ পর্যন্ত উপার্জন করা গৃহস্থালির জন্য উপলভ্য থাকবে। গৃহহীনতা ও মানসিক অসুস্থতায় ভুগতে থাকা গৃহস্থালির জন্য 30টি সমর্থক ইউনিট সংরক্ষিত থাকবে। মানসিক স্বাস্থ্য সমর্থন, স্বাধীনভাবে জীবনযাপনের দক্ষতার প্রশিক্ষণ, সেবার সমন্বয়, এবং সঙ্কটকালীন হস্তক্ষেপসহ অনসাইট সেবা প্রদান করবে RISE।

ভবনে একটি রান্নাঘরসহ কমিউনিটি কক্ষ, লন্ড্রি কক্ষ, ব্যায়ামের কক্ষ, বাইক রাখার কক্ষ এবং বিনামূল্যে ব্রডব্যান্ড ইন্টারনেট ব্যবহারের সুযোগ থাকবে। বাসিন্দাদের অনসাইট পরিবহন সেবা প্রদান করা হবে।

আনুমানিক 11.8 মিলিয়ন মার্কিন ডলার ইক্যুইটি তৈরি করা HCR এর ফেডারেল নিম্ন আয়ের আবাসন কর ক্রেডিট (Federal Low Income Housing Tax Credit), রাজ্য নিম্ন-আয়ের হাউজিং ট্যাক্স ক্রেডিট প্রোগ্রাম যা $3.6 মিলিয়ন ইকুইটি তৈরি করেছে কর্মসূচি, এর সমর্থক আবাসন সুযোগ (Supportive Housing Opportunity) কর্মসূচির থেকে 2.3 মিলিয়ন মার্কিন ডলার ঋণ, এর HOME কর্মসূচি থেকে 2 মিলিয়ন মার্কিন ডলার ঋণ এবং এর ফেডারেল আবাসন ট্রাস্ট তহবিল (Federal Housing Trust Fund) কর্মসূচি থেকে 1.1 মিলিয়ন মার্কিন ডলার ঋণ দ্বারা রিভারভিউ অ্যাপার্টমেন্টস সমর্থিত হচ্ছে। নিউ ইয়র্ক স্টেটের মানসিক স্বাস্থ্য অফিস (Office of Mental Health, OMH) একটি 257,000 মার্কিন ডলারের প্রকল্প নির্মাণ অনুদান প্রদান করেছে এবং NYSERDA এর নতুন নির্মাণ আবাসন কর্মসূচি RISE কে একটি 240,000 মার্কিন ডলারের প্রণোদনা প্রদান করেছে। ন্যাশনাল গ্রিড (National Grid) একটি 203,000 মার্কিন ডলারের পরিচ্ছন্ন তাপ (Clean Heat) শক্তি প্রণোদনা প্রদান করেছে। এম্পায়ার স্টেট সমর্থক আবাসন উদ্যোগ OMH এর মাধ্যমে সমর্থক ইউনিটগুলির জন্য বার্ষিক আনুমানিক 750,000 মার্কিন ডলার পরিচালনা তহবিল প্রদান করবে।

গভর্নর হোকলের আবাসন এজেন্ডা

নিউ ইয়র্কের আবাসন সঙ্কটের সমাধান করতে এবং সকল নিউ ইয়র্কবাসীর জন্য স্টেটকে আরো সাশ্রয়ী ও বাসযোগ্য করতে গভর্নর হোকল প্রতিশ্রুতিবদ্ধ। 2025 সালের অর্থবছরের বাজেটের অংশ হিসেবে, গভর্নর আপস্টেট কমিউনিটির জন্য নতুর কর প্রণোদনা, নতুন প্রণোদনা ও নিউ ইয়র্ক সিটিতে আরও আবাসন তৈরির জন্য কিছু স্টেট-আরোপিত বিধিনিষেধ থেকে ত্রাণের মাধ্যমে নিউ ইয়র্কের আবাসন সরবরাহ বৃদ্ধির জন্য একটি যুগান্তকারী চুক্তি সুরক্ষিত করেছেন, স্টেট মালিকানাধীন সম্পত্তিতে 15,000 নতুন বাড়ি তৈরির জন্য 500 মিলিয়ন মার্কিন ডলার মূলধন তহবিল, স্টেটব্যাপী বিভিন্ন আবাসন উন্নয়ন ও ভাড়াটে এবং বাড়ির মালিকদের জন্য নতুন সুরক্ষা সহায়তা করার জন্য অতিরিক্ত 600 মিলিয়ন মার্কিন ডলার তহবিল। পাশাপাশি, অর্থবছর 2023 এর প্রণীত বাজেটের অংশ হিসেবে স্টেটব্যাপী 100,000টি সাশ্রয়ী বাসা তৈরি বা সংরক্ষণ করার জন্য গভর্নর 25 বিলিয়ন মার্কিন ডলারের পাঁচ বছর মেয়াদি

একটি আবাসন পরিকল্পনা ঘোষণা করেন, যেখানে দুর্বল জনগোষ্ঠীর জন্য সমর্থক সেবাসহ 10,000টি বাসা থাকবে এবং অতিরিক্ত 50,000 বাসার বৈদ্যুতিকায়ন করা হবে। এখন পর্যন্ত 45,000 এর বেশি বাসা তৈরি বা সংরক্ষণ করা হয়েছে।

এছাড়াও গত আগস্ট মাসে গভর্নর প্রো হাউজিং কমিউনিটিজ কর্মসূচি (Pro-Housing Communities Program) ঘোষণা করেন। 650 মিলিয়ন মার্কিন ডলার পর্যন্ত স্টেটের ঐচ্ছিক তহবিলের অ্যাক্সেস পাওয়ার জন্য স্থানীয়দের জন্য প্রো হাউজিং কমিউনিটি প্রত্যয়ন একটি আবশ্যিকতা। এখন পর্যন্ত কর্নিথ টাউনসহ 160টির বেশি সম্প্রদায় প্রত্যয়িত হয়েছে।

সিনেটের সংখ্যাগরিষ্ঠ নেতা চার্লস শুমার বলেন, "যে ফেডারেল নিম্ন আয়ের আবাসন কর ক্রেডিট সুরক্ষিত রাখতে ও সম্প্রসারণ করতে আমি কঠোর পরিশ্রম করেছি তা থেকে কর্নিথের রিভারভিউ অ্যাপার্টমেন্টসে প্রায় 12 মিলিয়ন মার্কিন ডলার প্রদান করা হয়েছে দেখে আমি গর্বিত, এটি আরো বেশি পরিবারকে বসবাসের জন্য একটি নিরাপদ, সাশ্রয়ী, এবং শক্তিদক্ষ স্থান প্রদান করবে।" আবাসনের উচ্চ মূল্য মুদ্রাস্ফীতির একটি মুখ্য চালক তাই এইসব উচ্চ মূল্য হ্রাস করতে কর্মজীবী মানুষের জন্য আমাদেরকে অবশ্যই আরো আবাসন নির্মাণ করতে হবে। "সারাটোগা কাউন্টি এবং পুরো নিউ ইয়র্কে সাশ্রয়ী আবাসনের অ্যাক্সেস বৃদ্ধি করতে গভর্নর হোকলের কাজের আমি প্রশংসা করছি, এবং প্রত্যেক নিউ ইয়র্কবাসীর মাথার উপর ছাদ নিশ্চিত করার জন্য ফেডারেল সংস্থান প্রদান করতে আমি কাজ চালিয়ে যাবো।

প্রতিনিধি পল টঙ্কো বলেন, "আমাদের সম্প্রদায়ে অ্যাক্সেসিবল, টেকসই আবাসন প্রদান করার আমাদের প্রয়াসে একটি মুখ্য অগ্রগামী ধাপের এই ঘোষণাটি উদযাপন করতে পেরে আমি আনন্দিত। গুরুত্বপূর্ণ ফেডারেল ও স্টেট তহবিলকে কাজে লাগিয়ে আমাদের ক্রমবর্ধমান ক্যাপিটাল রিজিয়ন কর্মীবাহিনীর জন্য আমরা 60টি নতুন নিঃসরণমুক্ত সাশ্রয়ী বাসা তৈরি করেছি, প্রতিটি ইউনিটে অত্যাধুনিক জিওথার্মাল এবং সৌর শক্তির ব্যবস্থা করা আছে। সাশ্রয়ী আবাসন সম্প্রসারণ করা এবং আমাদের জলবায়ু সঙ্কট মোকাবেলা করার ব্যাপারে আমাদের অবিচল প্রতিশ্রুতির প্রতিফলন এই প্রকল্প, এবং সকল আমেরিকানের কাছে যাতে বাসা বলার মতো একটি নিরাপদ, আরামদায়ক স্থান থাকে তা নিশ্চিত করতে আমাদের প্রয়াস অব্যাহত রাখার জন্য আমি উদগ্রীব।"

নিউ ইয়র্ক স্টেট হোম এবং কমিউনিটি রিনিউয়ালের কমিশনার রুথঅ্যান ভিস্নাউস্কাস বলেন, "রিভারভিউ অ্যাপার্টমেন্টস 60টি গৃহস্থালিকে বাসা বলার মতো সাশ্রয়ী, নিরাপদ এবং আধুনিক অ্যাপার্টমেন্ট প্রদান করছে। 24 মিলিয়ন মার্কিন ডলারের ডেভেলপমেন্টটি হলো আরো সাশ্রয়ী আবাসন তৈরি এবং একই সাথে আমাদের আবাসনের মজুদকে সবুজ করার ব্যাপারে গভর্নর হোকলের অগ্রাধিকারের উদাহরণস্বরূপ। কর্নিথ টাউন প্রত্যায়িত প্রো হাউজিং কমিউনিটি হয়ে নিউ ইয়র্কের 160টির বেশি সম্প্রদায়ের সাথে যোগ দিচ্ছে, এবং এই অঞ্চলে ও স্টেটব্যাপী এমন আরো প্রকল্প দেখতে আমরা উন্মুখ।"

OMH এর কমিশনার ডাঃ অ্যান সালিভ্যান বলেন, "সমর্থক আবাসন মানসিকভাবে অসুস্থ ব্যক্তিদের তাদের নিরাময়ের পথে সফল হওয়া সম্ভব করে। রিভারভিউ অ্যাপার্টমেন্টসের 30টি সমর্থক ইউনিট নিরাপদ ও স্থিতিশীল আবাসন প্রদান করবে এবং এমন সেবাদান করবে যা

বাসিন্দাদেরকে তাদের নিজেদের সম্প্রদায়ে স্বাধীনভাবে বাঁচতে ও সমৃদ্ধি করতে সাহায্য করবে। সুন্দর এই নতুন বাসা তৈরির জন্য RISE হাউজিং অ্যান্ড সাপোর্ট সার্ভিসেস (RISE Housing & Support Services) এবং আমাদের সকল অংশীদারকে অভিনন্দন এবং অনেক ধন্যবাদ।"

NYSERDA প্রেসিডেন্ট এবং প্রধান নির্বাহী কর্মকর্তা ডোরিন এম হ্যারিস বলেন, "রিভারভিউ অ্যাপার্টমেন্টসে রয়েছে ভবন পারফর্ম্যান্স এবং স্থিতিস্থাপকতার জন্য সর্বশেষ নতুন নির্মাণ বৈশিষ্ট্য এবং সেই সাথে আরো কার্যকর হিটিং ও কুলিং চাহিদার জন্য হিট পাম্প এবং সম্প্রদায়ের সৌর শক্তি থেকে প্রাপ্ত বিদ্যুৎ। এইসব আধুনিক সুযোগসুবিধা সারাটোগা কাউন্টির বাসিন্দাদের জন্য অনসাইট কার্বন নিঃসরণ এবং শক্তির ব্যয় হ্রাস করতে সাহায্য করবে এবং একই এতে নিশ্চিত করবে যাতে তাদের কাছে নিজেদের সম্প্রদায়ে আরামদায়ক, স্বাস্থ্যকর, সাশ্রয়ী এবং সমর্থক আবাসন পাওয়ার সুযোগ থাকে।"

স্টেটের সিনেটর জিম টেডিস্কো বলেন, "নির্দিষ্ট আয়ে জীবনযাপন করা বহু নিউ ইয়র্কবাসীর জন্য সাশ্রয়ী আবাসন একটি গুরুত্বপূর্ণ বিষয়। স্বাধীনভাবে বাঁচার জন্য সমর্থক সেবা প্রয়োজন এমন বাসিন্দাদের জন্য সমর্থক সেবাসহ কর্নিথ টাউনে এবং 44তম সিনেট জেলায় 60টি নতুন সাশ্রয়ী অ্যাপার্টমেন্ট নির্মাণে গভর্নর হোকল এবং নিউ ইয়র্ক স্টেট হোম ও কমিউনিটি রিনিউয়াল প্রয়াসের জন্য আমি তাদের ধন্যবাদ জানাতে চাই।"

অ্যাসেম্বলি সদস্য ম্যাথু সিম্পসন বলেন, "কর্নিথে 60টি নতুন ইউনিট যোগ হওয়া একটি দুর্দান্ত ব্যাপার। এইসব ইউনিট টেকসই আবাসন প্রদান করবে যা ক্রয়ক্ষমতার সমস্যা নির্মূল করে এবং একই সাথে বয়স্ক এবং সমর্থক বিকল্পের সন্ধান করা ব্যক্তিদের জন্য সাশ্রয়ী মানসম্পন্ন জীবনযাপনের সুযোগ প্রদান করে, যার ফলে নিঃসন্দেহে সম্প্রদায়টি উত্তম সেবা লাভ করবে এবং অনেক চাহিদা পূরণ হবে। বৃহত্তর ক্ষেত্রে আবাসনের ক্রয়ক্ষমতা সমস্যা সমাধানে আমাদের এখনো অনেক কাজ করতে হবে, তবে এটি এই এলাকার জন্য একটি বিশাল অগ্রগামী ধাপ। এই জমি দান করে তাদের উদারতা প্রদর্শন করার জন্য হাডসন রিভার কমিউনিটি ক্রেডিট ইউনিয়নকে (Hudson River Community Credit Union) আমি ধন্যবাদ জানাচ্ছি এবং এই প্রকল্পকে বাস্তব করার জন্য স্টেট এবং স্থানীয় স্টেকহোল্ডারদের প্রতি আমার আন্তরিক কৃতজ্ঞতা ব্যক্ত করছি।"

কর্নিথ গ্রামের মেয়র টেরি মিলার বলেন, "কর্নিথ গ্রামের নতুন রিভারভিউ অ্যাপার্টমেন্টসের কাজ শেষ হয়েছে। এটি সুন্দর একটি ফ্যাসিলিটি। 60টি ইউনিটের বাসিন্দা নির্বাচক করার প্রক্রিয়া চলছে। নিম্ন আয়ের আবাসনের চাহিদা থাকা স্থানীয় ব্যক্তি, নির্দিষ্ট আয়ের বয়স্ক নাগরিক এবং মানসিকভাবে অসুস্থ ব্যক্তিদের জন্য এই ফ্যাসিলিটিটি একটি ভালো, নিরাপদ ফ্যাসিলিটিতে বসবাস করার সুযোগ প্রদান করবে। কর্নিথ গ্রাম ও টাউনে নিঃসন্দেহে এর প্রয়োজন ছিলো।"

ন্যাশনাল গ্রিডের আঞ্চলিক নির্বাহী কিম অয়ারল্যান্ড বলেন, "ন্যাশনাল গ্রিড স্টেটের শক্তি লক্ষ্যসমূহকে সমর্থন করে এবং পরিচ্ছন্ন তাপ রিবেট কর্মসূচির অংশ হতে পেরে গর্বিত। ন্যাশনাল গ্রিড রিভারভিউ অ্যাপার্টমেন্টস প্রকল্পের জন্য 200,000 মার্কিন ডলারের বেশি

প্রণোদনা প্রদান করতে সক্ষম হয়েছে যা 2,100 MMbtu এর বেশি প্রাকৃতিক গ্যাস এবং 43,000 কিলোওয়াট-ঘণ্টা বিদ্যুৎ সাশ্রয় করবে।"

সারাটোগা কাউন্টির চেম্বার অফ কমার্সের (Saratoga County Chamber of Commerce) প্রেসিডেন্ট টড শিমকাস বলেন, "সারাটোগা কাউন্টির অর্থনীতি বিকশিত হচ্ছে, তাই আমাদেরকে আরো সাশ্রয়ী আবাসন নির্মাণ করতে হবে যাতে আরো বেশি মানুষ আমাদের স্থানীয় সম্প্রদায়ে বসবাস ও কাজ করতে পারে, এবং সেজন্য এমন প্রকল্প নির্মাণে আগ্রহী RISE এর মতো সংগঠনকে সমর্থন করতে গভর্নর হোকলের নেতৃত্বের আমরা এতো বেশি প্রশংসা করে থাকি। সারাটোগা কাউন্টিতে আয়োজিত সকল উদ্বোধন অনুষ্ঠান স্বপ্ন বাস্তবায়নের উদযাপন বলে আমরা বিশ্বাস করি, এবং এই প্রকল্পের কাজ শেষ হওয়ার অর্থ হলো রিভারভিউ অ্যাপার্টমেন্টসে নতুন বাসায় বাস করতে আসা 60টির বেশি পরিবারের জন্য স্বপ্ন সত্যি হতে যাচ্ছে। এই দিন এবং এই প্রকল্পকে সম্ভব করতে ভূমিকা পালন করা স্টেট, কাউন্টি, এবং স্থানীয় পর্যায়ের সকল ব্যক্তির জন্য প্রশংসা রইলো।"

RISE হাউজিং অ্যান্ড সাপোর্ট সার্ভিসেসের নির্বাহী পরিচালক সিভিল নিওয়েল বলেন, "রিভারভিউ প্রকল্পকে বাস্তব হতে দেখে আমি অত্যন্ত খুশি। প্রথম দিন থেকেই এটি অত্যন্ত সহযোগিতামূলক একটি প্রকল্প, এবং এখন নর্দার্ন সারাটোগা কাউন্টিতে সাশ্রয়ী আবাসন প্রদান করতে পারা অত্যন্ত প্রভাবশালী একটি ফলাফল। নিউ ইয়র্ক স্টেটের হোম এবং কমিউনিটি রিনিউয়াল, এবং নিউ ইয়র্ক স্টেটের মানসিক স্বাস্থ্য অফিসকে সবসময়ের মতোই দুর্দান্ত অংশীদার হওয়ার জন্য ধন্যবাদ। এবং রিভারভিউ এখন যেখানে দাঁড়িয়ে আছে সেই সম্পত্তি দান করার জন্য হাডসন রিভার কমিউনিটি ক্রেডিট ইউনিয়নকে ব্যাপক ধন্যবাদ। আমাদের ব্যাহত সহযোগিতা দেখার জন্য আমি উন্মুখ।"

###

আরো সংবাদ পাওয়া যাবে এখানে www.governor.ny.gov -এ
নিউ ইয়র্ক স্টেট | এক্সিকিউটিভ চেম্বার | press.office@exec.ny.gov | 518.474.8418
গভর্নরের অফিস থেকে আপডেট পেতে সাইন-আপ করুন: ny.gov/signup | NEW YORK লিখে 81336 নম্বরে টেক্সট পাঠান

আনসাবস্ক্রাইব করুন